শিক্ষাবর্ষ ২০২৪

# বিষয়ভিত্তিক মূল্যায়ন নির্দেশিকা

বিষয়: জীবন ও জীবিকা | ৭ম শ্রেণি

অভিজ্ঞতাভিত্তিক শিখন

যোগ্যতাভিত্তিক

শিখনকালীন মূল্যায়ন

সহযোগিতামূলক

একীভূত

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ

জাতীয় শিক্ষাক্রম ২০২২

# বিষয়ভিত্তিক মূল্যায়ন নির্দেশিকা

বিষয় : জীবন ও জীবিকা

শ্রেণি: সপ্তম

শিক্ষাবর্ষ : ২০২৪

# সূচিপত্র


ভূমিকা........................................................................১

২০২৪ সালে সপ্তম শ্রেণির শিখনকালীন মূল্যায়ন পরিচালনায় শিক্ষকের করণীয়........................২

ক) শিখনকালীন মূল্যায়ন........................................................২

খ) সামষ্টিক মূল্যায়ন..........................................................৩

গ) শিক্ষার্থীর অনুপস্থিতির ক্ষেত্রে করণীয়..........................................৩

ঘ) আচরণিক নির্দেশক..........................................................৩

ঙ) শিক্ষার্থীর সামষ্টিক মূল্যায়নের ট্রান্সক্রিপ্ট প্রস্তুতকরণ................................৪

চ) মূল্যায়নে ইনক্লুশন নির্দেশনা....................................................৪

ছ) মূল্যায়নে অ্যাপসের ব্যবহার....................................................৫

পরিশিষ্ট ১.....................................................................৬

শিখনযোগ্যতাসমূহ মূল্যায়নের জন্য নির্ধারিত পারদর্শিতার নির্দেশক বা Performance Indicator (PI)......৬

পরিশিষ্ট ২....................................................................১০

শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়নের টপশিট............................................১০

পরিশিষ্ট ৩....................................................................১৮

শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়নের জন্য শিক্ষার্থীর উপাত্ত সংগ্রহের ছক..............................১৮

পরিশিষ্ট ৪....................................................................২১

শিক্ষার্থীর ট্রান্সক্রিপ্টের ফরম্যাট.....................................................২১

পরিশিষ্ট ৫....................................................................২৪

আচরণিক নির্দেশক (Behavioural Indicator, BI)...........................................২৪

পরিশিষ্ট ৬....................................................................২৭

আচরণিক নির্দেশকে শিক্ষার্থীর উপাত্ত সংগ্রহের ছক...........................................২৭

# ভূমিকা

**সুপ্রিয় শিক্ষকমণ্ডলী,**

নতুন জাতীয় শিক্ষাক্রম ২০২২ এর সাথে ইতোমধ্যেই আমাদের পরিচয় ঘটেছে। উক্ত শিক্ষাক্রমের আলোকে ২০২৪ শিক্ষাবর্ষের মূল্যায়ন প্রক্রিয়া সম্পর্কে এই নির্দেশিকায় বিস্তারিত বর্ণনা করা হয়েছে। নতুন শিক্ষাক্রমে গতানুগতিক পরীক্ষা থাকছে না, বরং সম্পূর্ণ নতুন ধরনের মূল্যায়নের কথা বলা হয়েছে। ইতোমধ্যে অনলাইন ও সরাসরি প্রশিক্ষণে নতুন শিক্ষাক্রমের মূল্যায়ন নিয়ে আপনারা বিস্তারিত ধারণা পেয়েছেন। এছাড়া শিক্ষক সহায়িকাতেও মূল্যায়নের প্রাথমিক নির্দেশনা দেওয়া আছে এবং ২০২৩ শিক্ষাবর্ষে আপনারা সফলভাবে শিখনকালীন মূল্যায়ন ও সামষ্টিক মূল্যায়ন সম্পন্ন করেছেন। তা সত্ত্বেও, মূল্যায়ন পদ্ধতি সম্পূর্ণ নতুন ধরনের হওয়ায় এই মূল্যায়ন নিয়ে আপনাদের অনেক কিছু জানার থাকতে পারে। এই নির্দেশিকা মূল্যায়ন প্রক্রিয়ায় আপনার ভূমিকা ও কাজের পরিধি সুস্পষ্ট করতে সাহায্য করবে।

## যে বিষয়গুলো মনে রাখতে হবে-

১. নতুন শিক্ষাক্রম বিষয়বস্তুভিত্তিক নয়, বরং যোগ্যতাভিত্তিক। এখানে শিক্ষার্থীর শিখনের উদ্দেশ্য হলো- কিছু সুনির্দিষ্ট যোগ্যতা অর্জন। কাজেই শিক্ষার্থী শুধু বিষয়গত জ্ঞান কতটা মনে রাখতে পারছে, তা এখানে মূল্যায়নে মূল বিবেচ্য নয়, বরং যোগ্যতার সবকয়টি উপাদান জ্ঞান, দক্ষতা, দৃষ্টিভঙ্গি ও মূল্যবোধের সমন্বয়ে সে কতটা পারদর্শিতা অর্জন করতে পারছে, তার ভিত্তিতেই তাকে মূল্যায়ন করা হবে।

২. শিখন-শেখানো প্রক্রিয়াটি অভিজ্ঞতাভিত্তিক। অর্থাৎ শিক্ষার্থী বাস্তব অভিজ্ঞতাভিত্তিক শিখনের মধ্য দিয়ে যোগ্যতা অর্জনের পথে এগিয়ে যাবে। আর এই অভিজ্ঞতা চলাকালে শিক্ষক শিক্ষার্থীর কাজ এবং আচরণ পর্যবেক্ষণ করে মূল্যায়ন পরিচালনা করতে থাকবেন। প্রতিটি অভিজ্ঞতা শেষে পারদর্শিতার নির্দেশক অনুযায়ী শিক্ষার্থীর যোগ্যতা অর্জনের মাত্রা রেকর্ড করবেন।

৩. নম্বরভিত্তিক ফলাফলের পরিবর্তে এই মূল্যায়নের ফলাফল হিসেবে শিক্ষার্থীর অর্জিত যোগ্যতার (জ্ঞান, দক্ষতা, দৃষ্টিভঙ্গি ও মূল্যবোধ) বর্ণনামূলক চিত্র পাওয়া যাবে।

৪. শিক্ষক সহায়িকা অনুযায়ী একটি অভিজ্ঞতা চলাকালীন সময়ে শিক্ষার্থী যে সকল কাজের নির্দেশনা দেওয়া আছে, উক্ত কাজগুলোকেই মূল্যায়নের জন্য বিবেচনা করতে হবে। বিষয়ভিত্তিক নির্দেশনার বাইরে শিক্ষার্থীদের অতিরিক্ত কাজ করানো যাবেনা।

৫. লক্ষ রাখতে হবে, অভিজ্ঞতা পরিচালনার সময় প্রয়োজনীয় শিক্ষা উপকরণগুলো যেন বিনামূল্যের, স্বল্পমূল্যের এবং পুনঃব্যবহারযোগ্য (রিসাইকেল) উপাদান দিয়ে তৈরিকৃত হয়। প্রয়োজনে বিদ্যালয় এইসব শিক্ষা উপকরণের ব্যয়ভার বহন করবে।

৬. মূল্যায়ন প্রক্রিয়া শিখনকালীন ও সামষ্টিক এই দুটি পর্যায়ে সম্পন্ন হবে।

# ২০২৪ সালে সপ্তম শ্রেণির শিখনকালীন মূল্যায়ন পরিচালনায় শিক্ষকের করণীয়

শিক্ষার্থীরা কোনো শিখন যোগ্যতা অর্জনের পথে কতটা অগ্রসর হচ্ছে, তা পর্যবেক্ষণের সুবিধার্থে প্রতিটি একক যোগ্যতার জন্য এক বা একাধিক পারদর্শিতার নির্দেশক (Performance Indicator, PI) নির্ধারণ করা হয়েছে। প্রতিটি পারদর্শিতার নির্দেশকের জন্য তিনটি মাত্রা নির্ধারণ করা হয়েছে। মূল্যায়নের সময় শিক্ষার্থীর পারদর্শিতার ভিত্তিতে এই নির্দেশকে তার অর্জিত মাত্রা নির্ধারণ করতে হবে (সপ্তম শ্রেণির এই বিষয়ের যোগ্যতাসমূহের পারদর্শিতার নির্দেশকসমূহ এবং তাদের তিনটি মাত্রা পরিশিষ্ট-১ এ দেওয়া আছে। প্রতিটি পারদর্শিতার নির্দেশকের তিনটি মাত্রাকে মূল্যায়নের তথ্য সংগ্রহের সুবিধার্থে চতুর্ভূজ, বৃত্ত, বা ত্রিভূজ ( □ ○ △ ) দিয়ে চিহ্নিত করা হয়েছে)। শিখনকালীন ও সামষ্টিক উভয় ক্ষেত্রেই পারদর্শিতার নির্দেশকে অর্জিত মাত্রার উপর ভিত্তি করে শিক্ষার্থীর যোগ্যতা অর্জনের মাত্রা নির্ধারিত হবে।

শিখনকালীন মূল্যায়নের অংশ হিসেবে প্রতিটি শিখন অভিজ্ঞতা শেষে ঐ অভিজ্ঞতার সাথে সংশ্লিষ্ট পারদর্শিতার নির্দেশকসমূহে শিক্ষার্থীর অর্জিত মাত্রা নিরূপণ করতে হবে এবং তথ্য সংরক্ষণ (রেকর্ড) করতে হবে। এছাড়া শিক্ষাবর্ষ শুরুর ছয় মাস পর একটি এবং বছর শেষে আরেকটি ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়ন অনুষ্ঠিত হবে। সামষ্টিক মূল্যায়নে শিক্ষার্থীদের পূর্বনির্ধারিত কিছু কাজ অ্যাসাইনমেন্ট, প্রকল্প ইত্যাদি) সম্পন্ন করতে হবে। এই প্রক্রিয়া চলাকালে এবং প্রক্রিয়া শেষে একইভাবে পারদর্শিতার নির্দেশকসমূহে শিক্ষার্থীর অর্জিত মাত্রা নির্ধারণ করা হবে। প্রথম ছয় মাসের শিখনকালীন মূল্যায়ন এবং ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়নের তথ্যের উপর ভিত্তি করে শিক্ষার্থীর ষাণ্মাসিক একাডেমিক ট্রান্সক্রিপ্ট তৈরি হবে। প্রথম ষাণ্মাসিক মূল্যায়নের রেকর্ড, পরবর্তী ছয় মাসের শিখনকালীন মূল্যায়ন এবং বার্ষিক সামষ্টিক মূল্যায়নের রেকর্ডের সমন্বয়ে পরবর্তীতে বার্ষিক ট্রান্সক্রিপ্ট এবং রিপোর্ট কার্ড প্রস্তুত করা হবে।

## ক) শিখনকালীন মূল্যায়ন

এই মূল্যায়ন কার্যক্রমটি শিখনকালীন অর্থাৎ শিখন অভিজ্ঞতা চলাকালে পরিচালিত হবে।

- ✓ শিখনকালীন মূল্যায়নের ক্ষেত্রে প্রতিটি শিখন অভিজ্ঞতা শেষে শিক্ষক সংশ্লিষ্ট শিখনযোগ্যতা মূল্যায়নের জন্য নির্ধারিত পারদর্শিতার নির্দেশক বা PI (পরিশিষ্ট-১ দেখুন) ব্যবহার করে শিখনকালীন মূল্যায়নের রেকর্ড সংরক্ষণ করবেন। পরিশিষ্ট-২ এ প্রতিটি শিখন অভিজ্ঞতায় কোন কোন PI এর ইনপুট দিতে হবে, এবং কোন প্রমাণকের ভিত্তিতে দিতে হবে, তা দেওয়া আছে। প্রতিটি শিখন অভিজ্ঞতার ক্ষেত্রে সকল শিক্ষার্থীদের তথ্য ইনপুট দেওয়ার সুবিধার্থে পরিশিষ্ট-৩ এ একটি ফাঁকা ছক রাখা আছে। এই ছকে নির্দিষ্ট শিখন অভিজ্ঞতার নাম ও প্রযোজ্য PI নম্বর লিখে ধারাবাহিকভাবে সকল শিক্ষার্থীর মূল্যায়নের তথ্য রেকর্ড করতে হবে। শিক্ষককে প্রত্যেক শিক্ষার্থীর পারদর্শিতার ভিত্তিতে সংশ্লিষ্ট PI এর জন্য প্রদত্ত তিনটি মাত্রা ভালোভাবে পর্যবেক্ষণ করে প্রযোজ্য মাত্রাটি নির্ধারণ করতে হবে এবং সে অনুযায়ী চতুর্ভূজ, বৃত্ত বা ত্রিভূজ ( □ ○ △ ) ভরাট করতে হবে। মনে রাখতে হবে, শিক্ষকের

রেকর্ড রাখার সুবিধার্থে এই চিহ্নগুলো নির্ধারণ করা হয়েছে। শিক্ষার্থীর সংখ্যা বিবেচনায় নিয়ে এই ছকের প্রয়োজনীয় সংখ্যক ফটোকপি করে সেগুলোতে শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়নের রেকর্ড সংরক্ষণ করতে হবে।

- ✓ ছকে ইনপুট দেওয়া হয়ে গেলে পরবর্তীতে যেকোনো সুবিধাজনক সময়ে (অভিজ্ঞতা শেষ হওয়ার এক সপ্তাহের মধ্যে) এই শিট থেকে শিক্ষার্থীর তথ্য 'নৈপুণ্য' অ্যাপস এ ইনপুট দিতে হবে।
- ✓ শিখনকালীন মূল্যায়নের ক্ষেত্রে যেসকল প্রমাণকের সাহায্যে শিক্ষক পারদর্শিতার নির্দেশকে শিক্ষার্থীর অর্জনের মাত্রা নিরূপণ করেছেন, সেগুলো শিক্ষাবর্ষের শেষ দিন পর্যন্ত সংরক্ষণ করতে হবে।

## খ) সামষ্টিক মূল্যায়ন

- ✓ ২০২৪ সালের বছরের মাঝামাঝিতে প্রতিটি বিষয়ের ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়ন ও বছরের শেষে বাৎসরিক সামষ্টিক মূল্যায়ন অনুষ্ঠিত হবে। পূর্ব ঘোষিত এক সপ্তাহ ধরে এই মূল্যায়ন প্রক্রিয়া আনুষ্ঠানিকভাবে পরিচালিত হবে। স্বাভাবিক ক্লাসরুটিন অনুযায়ী বিষয়ের জন্য নির্ধারিত সময়ে শিক্ষার্থীরা তাদের সামষ্টিক মূল্যায়নের জন্য অর্পিত কাজ সম্পন্ন করবে।
- ✓ সামষ্টিক মূল্যায়নের ক্ষেত্রে আগেই শিক্ষার্থীদেরকে প্রয়োজনীয় নির্দেশনা বুঝিয়ে দিতে হবে এবং সামষ্টিক মূল্যায়ন শেষে অর্জিত পারদর্শিতার মাত্রা রেকর্ড করতে হবে।
- ✓ শিক্ষার্থীদের প্রদেয় কাজের নির্দেশনা, সামষ্টিক মূল্যায়ন ছক, এবং শিক্ষকের জন্য প্রয়োজনীয় অন্যান্য নির্দেশাবলী সকল প্রতিষ্ঠানে সামষ্টিক মূল্যায়ন অনুষ্ঠিত হওয়ার পূর্বে বিদ্যালয়ে প্রেরণ করা হবে।

## গ) শিক্ষার্থীর অনুপস্থিতির ক্ষেত্রে করণীয়

- ✓ যদি কোনো অভিজ্ঞতা চলাকালীন সময়ে কোনো শিক্ষার্থী আংশিক সময় বা পুরোটা সময় বিদ্যালয়ে অনুপস্থিত থাকে, তাহলে ঐ শিক্ষার্থীকে ঐ যোগ্যতাটি অর্জন করানোর জন্য পরবর্তী সময়ে এনসিটিবি'র নির্দেশনা অনুযায়ী নিরাময়মূলক পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে। এই নির্দেশনা পরবর্তীতে দেওয়া হবে।

## ঘ) আচরণিক নির্দেশক

পরিশিষ্ট ৫ এ আচরণিক নির্দেশকের একটি তালিকা দেওয়া আছে। শিক্ষক বছর জুড়ে পুরো শিখন কার্যক্রম চলাকালে শিক্ষার্থীদের আচরণ, দলগত কাজে অংশগ্রহণ, আগ্রহ, সহযোগিতামূলক মনোভাব ইত্যাদি পর্যবেক্ষণ করে এই নির্দেশকসমূহে প্রত্যেক শিক্ষার্থীর অর্জনের মাত্রা নির্ধারণ করবেন। পারদর্শিতার নির্দেশকের পাশাপাশি এই আচরণিক নির্দেশকে অর্জনের মাত্রাও প্রত্যেক শিক্ষার্থীর ট্রান্সক্রিপ্টের অংশ হিসেবে যুক্ত থাকবে। আচরণিক নির্দেশকগুলোতে শিক্ষার্থীর অর্জনের মাত্রা শিক্ষক বছরে শুধুমাত্র দুইবার ইনপুট দিবেন। অর্থাৎ ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়নের সময় একবার এবং বাৎসরিক সামষ্টিক মূল্যায়নের সময় একবার ইনপুট দিতে হবে।

## ঙ) শিক্ষার্থীর সামষ্টিক মূল্যায়নের ট্রান্সক্রিপ্ট প্রস্তুতকরণ

পরিশিষ্ট-৪ এ শিক্ষার্থীর ট্রান্সক্রিপ্টের ফরম্যাট সংযুক্ত করা আছে, যেখানে কোনো একজন শিক্ষার্থীর সবগুলো পারদর্শিতার নির্দেশকে তার অর্জনের মাত্রা উল্লেখ করা হবে। শিক্ষার্থীর মূল্যায়নের প্রতিবেদন হিসেবে সামষ্টিক মূল্যায়নের ওপর ভিত্তি করে এই ট্রান্সক্রিপ্ট প্রস্তুত করা হবে, যা থেকে শিক্ষার্থী, অভিভাবক বা সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ উক্ত বিষয়ে শিক্ষার্থীর সামগ্রিক অগ্রগতির একটা চিত্র বুঝতে পারবেন।

শিখনকালীন ও সামষ্টিক মূল্যায়নে (ষাণ্মাসিক ও বাৎসরিক) প্রত্যেক শিক্ষার্থীর অর্জিত পারদর্শিতার মাত্রার ভিত্তিতে তার সামষ্টিক মূল্যায়নের ট্রান্সক্রিপ্ট তৈরি করা হবে। ট্রান্সক্রিপ্টে শিক্ষার্থীর অর্জন পারদর্শিতার নির্দেশকের মাত্রা চিহ্নিত করে প্রকাশ করা হবে। এখানে উল্লেখ্য যে, শিখনকালীন ও সামষ্টিক মূল্যায়নে (ষাণ্মাসিক ও বাৎসরিক) একই পারদর্শিতার নির্দেশকে একাধিকবার তার অর্জনের মাত্রা নিরূপণ করতে হতে পারে। এরকম ক্ষেত্রে, একই পারদর্শিতার নির্দেশকে কোনো শিক্ষার্থীর দুই বা ততোধিকবার ভিন্ন ভিন্ন মাত্রার পর্যবেক্ষণ পাওয়া যেতে পারে। এক্ষেত্রে, কোনো একটিতে—

- যদি সেই পারদর্শিতার নির্দেশকে ত্রিভূজ ( △ ) চিহ্নিত মাত্রা অর্জিত হয়, তবে ট্রান্সক্রিপ্টে সেটিই উল্লেখ করা হবে।
- যদি কোনোবারই ত্রিভূজ ( △ ) চিহ্নিত মাত্রা অর্জিত না হয়ে থাকে, তবে দেখতে হবে অন্তত একবার হলেও বৃত্ত ( ○ ) চিহ্নিত মাত্রা শিক্ষার্থী অর্জন করেছে কিনা; করে থাকলে সেটিই ট্রান্সক্রিপ্টে উল্লেখ করা হবে।
- যদি সবগুলোতেই শুধুমাত্র চতুর্ভূজ ( □ ) চিহ্নিত মাত্রা অর্জিত হয়, শুধুমাত্র সেই ক্ষেত্রে ট্রান্সক্রিপ্টে এই মাত্রার অর্জন লিপিবদ্ধ করা হবে।

## চ) মূল্যায়নে ইনক্লুশন নির্দেশনা

মূল্যায়ন প্রক্রিয়া চর্চা করার সময় জেন্ডার বৈষম্যমূলক ও মানব বৈচিত্রহানীকর কোনো কৌশল বা নির্দেশনা ব্যবহার করা যাবেনা। যেমন- নৃতাত্ত্বিক পরিচয়, লিঙ্গবৈচিত্র্য ও জেন্ডার পরিচয়, সামর্থ্যের বৈচিত্র্য, সামাজিক অবস্থান ইত্যাদির ভিত্তিতে কাউকে আলাদা কোনো কাজ না দিয়ে সবাইকেই বিভিন্নভাবে তার পারদর্শিতা প্রদর্শনের সুযোগ করে দিতে হবে। এর ফলে, কোনো শিক্ষার্থীর যদি লিখিত বা মৌখিক ভাব প্রকাশে চ্যালেঞ্জ থাকে, তাহলে সে বিকল্প উপায়ে শিখন যোগ্যতার প্রকাশ ঘটাতে পারবে। একইভাবে, কোনো শিক্ষার্থী যদি প্রচলিতভাবে ব্যবহৃত মৌখিক বা লিখিত ভাবপ্রকাশে স্বচ্ছন্দ না হয়, তবে সেও পছন্দমত উপায়ে নিজের ভাব প্রকাশ করতে পারবে।

অনেকক্ষেত্রেই শিক্ষার্থীর বিশেষ কোনো শিখন চাহিদা থাকার ফলে, শিক্ষক তার সামর্থ্য নিয়ে সন্দিহান থাকেন এবং মূল্যায়নের ক্ষেত্রেও এর নেতিবাচক প্রভাব পড়তে পারে। কাজেই এ ধরনের শিক্ষার্থীদেরকে তাদের দক্ষতা/আগ্রহ/সামর্থ্য অনুযায়ী দায়িত্ব প্রদানের মাধ্যমে সক্রিয় অংশগ্রহণের সুযোগ দিয়ে তাদের শিখন উন্নয়নের জন্য পরিবেশ সৃষ্টি করতে হবে।

## ছ) মূল্যায়নে অ্যাপসের ব্যবহার

জাতীয় শিক্ষাক্রম অনুসারে ২০২৪ সালে ষষ্ঠ থেকে নবম শ্রেণির শিক্ষার্থীদের সকল বিষয়ের শিখনকালীন ও সামষ্টিক মূল্যায়ন প্রক্রিয়া শিক্ষকগণ "নৈপুণ্য" অ্যাপটি ব্যবহার করে সম্পন্ন করবেন। শিক্ষার্থীদের মূল্যায়ন ও মূল্যায়ন সংশ্লিষ্ট কাজে শিক্ষা প্রতিষ্ঠান, স্ব-স্ব প্রতিষ্ঠানের শিক্ষকগণের অংশগ্রহণে এবং শ্রেণিভিত্তিক শিক্ষার্থীদের তথ্য অন্তর্ভুক্তকরণের মাধ্যমে এ প্রক্রিয়াটি সম্পন্ন হবে। শিক্ষাক্রম অনুযায়ী শিখনকালীন ও সামষ্টিক মূল্যায়নের পারদর্শিতা অর্জনে শিক্ষার্থী কোন পর্যায়ে রয়েছে, সেই তথ্য, বিষয় শিক্ষক কর্তৃক ইনপুট দেওয়া হলে শিক্ষার্থীর জন্য স্বয়ংক্রিয় রিপোর্ট প্রস্তুত করে দিবে এই 'নৈপুণ্য' অ্যাপ।

# পরিশিষ্ট ১

## শিখনযোগ্যতাসমূহ মূল্যায়নের জন্য নির্ধারিত পারদর্শিতার নির্দেশক বা Performance Indicator (PI)

| যোগ্যতা নং | একক যোগ্যতা | পারদর্শিতার নির্দেশক নং | পারদর্শিতার নির্দেশক (PI) | পারদর্শিতার মাত্রা | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | □ | ○ | △ |
| ০৭.০৭.০১ | ব্যক্তিগত পছন্দ, সামর্থ্য ও পারিবারিক সামর্থ্য বিবেচনা করে জীবনের লক্ষ্য নির্ধারণ করতে পারা এবং তা বাস্তবায়নে স্বল্পমেয়াদি, মধ্যমেয়াদি ও দীর্ঘমেয়াদি পরিকল্পনা প্রণয়ন করতে পারা এবং স্বল্পমেয়াদি পরিকল্পনা বাস্তবায়নে পদক্ষেপ গ্রহণ করতে পারা | ০৭.০৭.০১.০১ | জীবনের লক্ষ্য নির্ধারণ করতে পারছে | ব্যক্তিগত পছন্দ ও আগ্রহ বিবেচনা করে জীবনের আপাত লক্ষ্য নির্ধারণ করেছে। | নিজের পছন্দ, আগ্রহ ও সামর্থ্যের যুক্তিনির্ভর বিশ্লেষণের মাধ্যমে জীবনের লক্ষ্য নির্ধারণ করেছে। | নিজের পছন্দ, আগ্রহ, সামর্থ্য এবং পারিপার্শ্বিকতা সূক্ষ্মভাবে বিবেচনায় নিয়ে নিজের জীবনের লক্ষ্য নির্ধারণ করেছে। |
| | | ০৭.০৭.০১.০২ | লক্ষ্য অর্জনের জন্য পরিকল্পনা প্রণয়ন করতে পারছে | লক্ষ্যে পৌঁছানোর জন্য প্রাথমিক কিছু পরিকল্পনা প্রণয়ন করে উপস্থাপন করেছে। | লক্ষ্যে পৌঁছানোর জন্য পরিকল্পনার কয়েকটি বৈশিষ্ট্য বিবেচনায় রেখে পরিকল্পনা প্রণয়ন করেছে। | লক্ষ্যে পৌছানোর পথকে বিভিন্ন মেয়াদে ভাগ করে পরিকল্পনার সকল বৈশিষ্ট্য বিবেচনায় রেখে একটি যৌক্তিক ও সংগঠিত পরিকল্পনা প্রণয়ন করেছে। |
| | | ০৭.০৭.০১.০৩ | স্বল্পমেয়াদি পরিকল্পনা বাস্তবায়নে পদক্ষেপ গ্রহণ করতে পারছে | প্রাথমিক পদক্ষেপ হিসেবে নির্বাচিত পেশার ক্ষেত্রে নিজের সামর্থ্য ও দুর্বলতা চিহ্নিত করেছে। | নির্বাচিত পেশার ক্ষেত্রে নিজের সামর্থ্য, দুর্বলতা এবং সম্ভাব্য সুযোগগুলো চিহ্নিত (সোয়াট বিশ্লেষণ) করেছে। | নির্বাচিত পেশার ক্ষেত্রে বিভিন্ন পারিপার্শ্বিকতা বিবেচনায় নিয়ে নিজের সামর্থ্য, দুর্বলতা, সুযোগ ও চ্যালেঞ্জগুলো চিহ্নিত (সোয়াট বিশ্লেষণ) করেছে । |
| ০৭.০৭.০২ | সেবা, শিল্প ও কৃষিখাতসমূহের আলোকে দেশীয় শ্রমবাজারের চাহিদার পরিবর্তনের ধারা | ০৭.০৭.০২.০১ | দেশীয় শ্রমবাজারের চাহিদা পরিবর্তনের | সময়ের প্রেক্ষিতে দেশীয় শ্রমবাজারে সেবা, শিল্প ও কৃষিখাতসমূহের চাহিদার | সময়ের প্রেক্ষিতে দেশীয় শ্রমবাজারে সেবা, শিল্প ও কৃষিখাতসমূহের চাহিদা বিবেচনা করে পেশাসমূহের | সময়ের প্রেক্ষিতে দেশীয় শ্রমবাজারে সেবা, শিল্প ও কৃষিখাতসমূহের পেশা |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | বিশ্লেষণ করতে পারা এবং ভবিষ্যৎ শ্রমবাজারের চাহিদা অনুযায়ী সম্ভাব্য পেশাগুলোর মৌলিক দক্ষতাসমূহ অনুসন্ধান করতে পারা। | | ধারা বিশ্লেষণ করতে পারছে | পরিবর্তন শনাক্ত করে তথ্য উপস্থাপন করেছে। | পরিবর্তনের ধরণ নিরূপণ করছে। | পরিবর্তনের ধরন অনুযায়ী কারণ নিরূপণ করেছে। |
| | | ০৭.০৭.০২.০২ | সম্ভাব্য পেশার জন্য প্রয়োজনীয় দক্ষতা অনুসন্ধান করতে পারছে | স্থানীয় একটি সম্ভাব্য পেশার প্রয়োজনীয় কিছু দক্ষতা চিহ্নিত করেছে। | স্থানীয়/দেশীয় একটি সম্ভাব্য পেশার জন্য চ্যালেঞ্জ এবং তা মোকাবিলার প্রয়োজনীয় দক্ষতা চিহ্নিত করেছে। | বিভিন্ন তথ্য উৎস ব্যবহারের মাধ্যমে পদ্ধতিগতভাবে ভবিষ্যৎ শ্রমবাজারের চাহিদা অনুযায়ী সম্ভাব্য একটি পেশার চ্যালেঞ্জ, প্রয়োজনীয় দক্ষতা এবং খাপ খাওয়ানোর জন্য প্রস্তুতিমূলক দক্ষতা চিহ্নিত করেছে। |
| ০৭.০৭.০৩ | দলগতভাবে সামাজিক/স্থানীয় কোনো সমস্যা চিহ্নিত করে সমাধানের একাধিক উপায় অন্বেষণ করতে পারা; কার্যকর যোগাযোগের মাধ্যমে উক্ত সমস্যার ফলপ্রসূ সমাধান চিহ্নিত করতে পারা এবং দলগতভাবে দায়িত্ব ভাগ করে সমাধান করতে পারা। | ০৭.০৭.০৩.০১ | কোনো লক্ষ্য অর্জনে দলগতভাবে কাজ করতে পারছে | দলগত কাজে সক্রিয়ভাবে অংশগ্রহণ করছে। | কার্যকর যোগাযোগের মাধ্যমে অন্যের মতামতকে গুরুত্ব দিয়ে নিজের কাজে পরিবর্তন আনছে। | কার্যকর যোগাযোগ কৌশল অনুসরণ করে দলগত যেকোনো কাজে অন্যদের আন্তরিকভাবে সহায়তা করছে। |
| | | ০৭.০৭.০৩.০২ | দলগতভাবে সমস্যা সমাধানে পদক্ষেপ গ্রহণ করতে পারছে | দলগতভাবে কোনো সমস্যা চিহ্নিত করে তা সমাধানের একাধিক উপায় চিহ্নিত করেছে। | সমস্যা সমাধানের ধাপ অনুসরণ করে দলগতভাবে কোনো একটি সমস্যার ফলপ্রসু সমাধানের পরিকল্পনা করেছে। | দলগতভাবে কোনো সমস্যার ফলপ্রসু সমাধানের পরিকল্পনা অনুযায়ী নিজেদের মধ্যে দায়িত্ব বণ্টন করে তা সম্পাদন করতে পেরেছে। |
| ০৭.০৭.০৪ | পারিবারিক আয় ও ব্যয় বিবেচনা করে পারিবারিক বাজেট প্রণয়ন করতে পারা এবং পরিবারের আর্থিক কাজে সহযোগিতা করতে পারা। | ০৭.০৭.০৪.০১ | পারিবারিক বাজেট করতে পারছে | সম্ভাব্য (আয় ও ব্যয় বিবেচনা না করেই) পারিবারিক বাজেটের খসড়া প্রণয়ন করেছে। | পরিবারের আয় বিবেচনা করলেও ব্যয় পরিকল্পনায় সকল প্রয়োজনীয় খাত বিবেচনা না করে বাজেট প্রণয়ন করেছে। | নিজ পরিবারের আয় ও ব্যয় পরিকল্পনার সকল খাত বিবেচনা করে পারিবারিক বাজেট যথাযথভাবে প্রণয়ন করেছে। |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | ০৭.০৭.০৪.০২ | পরিবারের আর্থিক কাজে সহযোগিতা করতে পারছে | আর্থিক কাজে সহযোগিতার জন্য প্রাথমিকভাবে পরিকল্পনা প্রণয়ন করেছে। | পারিবারিক আর্থিক কাজে সহযোগিতার পরিকল্পনা প্রণয়ন করে প্রথম দিকের কাজগুলোর বাস্তবায়ন শুরু করেছে। | পারিবারিক আর্থিক কাজে সহযোগিতার পরিকল্পনা প্রণয়ন করে তা যথাযথভাবে বাস্তবায়ন করেছে। |
| ০৭.০৭.০৫ | আর্থিক কার্যক্রমে নৈতিকতা বজায় রেখে যৌক্তিকভাবে নিজ ও পরিবারের আর্থিক লেনদেন সম্পাদনে ভূমিকা রাখতে পারা। | ০৭.০৭.০৫.০১ | আর্থিক লেনেদেনে যৌক্তিকতা বজায়ে ভূমিকা রাখতে পারছে | পারিবারিক কেনাকাটায় যৌক্তিকতা মেনে চলার বিষয়ে সদস্যদের সাথে আলোচনা করছে। | যৌক্তিকতা মেনে পারিবারিক কেনাকাটা করার বিষয়টি মাঝে মাঝে পর্যবেক্ষণ করছে এবং যৌক্তিক হচ্ছে কিনা, তা যাচাই করছে। | পরিবারিক কেনাকাটায় যৌক্তিকতা বজায় রাখতে নিয়মিত পর্যবেক্ষণ ও যাচাই-বাছাই করছ্যোজনীয়ে সংক্রান্ত প্রয়োজনীয় নির্দেশনা দিচ্ছে। |
| | | ০৭.০৭.০৫.০২ | আর্থিক লেনেদেনে নৈতিকতা বজায়ে ভূমিকা রাখতে পারছে | পারিবারিক লেনদেনে নৈতিকতা মেনে চলার বিষয়ে সদস্যদের সাথে আলোচনা করছে। | পরিবারিক লেনদেনে নৈতিকতা মেনে চলার বিষয়টি মাঝে মাঝে তদারকি/পর্যবেক্ষণ করছে এবং সেগুলো নৈতিকতা মেনে হচ্ছে কিনা, তা যাচাই করছে। | পরিবারিক লেনদেনে নৈতিকতা বজায় রাখতে নিয়মিত তদারকি/ পর্যবেক্ষণ ও যাচাই-বাছাই করছে এবং লেনদেনে নৈতিকতা মেনে চলার কৌশল সংক্রান্ত পরামর্শ প্রদান করছে। |
| ০৭.০৭.০৬ | ভবিষ্যৎ পেশায় প্রাধান্য বিস্তারকারী ভবিষ্যৎ প্রযুক্তি (বিগ ডাটা, সাইবার সিকিউরিটি, অগমেন্টেড রিয়েলিটি, ডিজিটাল মার্কেটিং, | ০৭.০৭.০৬.০১ | আগামীর পেশায় ভবিষ্যৎ প্রযুক্তির প্রভাব বিশ্লেষণ করতে পারছে | ভবিষ্যৎ প্রযুক্তি সম্পর্কে প্রাথমিক ধারণা অর্জন করে এগুলোর প্রয়োজনীয়তা উপস্থাপন করেছে। | ভবিষ্যৎ প্রযুক্তি সম্পর্কে ধারণা অর্জন করে এগুলোর ইতিবাচক ও ঝুঁকিপূর্ণ দিকগুলো উপস্থাপন করেছে। | ভবিষ্যৎ প্রযুক্তি সম্পর্কে বিস্তারিত ধারণা অর্জন করে এগুলো আগামীর পেশায় কী ধরনের পরিবর্তন আনতে পারে, তা ব্যাখ্যা করে উপস্থাপন করেছে। |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | থ্রি-ডি প্রিন্টিং ইত্যাদি) সম্পর্কে সম্যক ধারণা অর্জন করে বাংলাদেশ ও বিশ্বব্যবস্থায় এর প্রভাব এবং ভবিষ্যৎ প্রযুক্তি-সংশ্লিষ্ট পেশায় নিজের অবদান অন্বেষণ করতে পারা। | ০৭.০৭.০৬.০২ | ভবিষ্যৎ প্রযুক্তিসংশ্লিষ্ট যেকোনো একটি পেশায় নিজের সম্ভাব্য অবদান চিহ্নিত করতে পারছে | ভবিষ্যৎ প্রযুক্তি সংশ্লিষ্ট পেশায় নিজের অবস্থানকে কল্পনা করে দেশের কল্যাণে সম্ভাব্য একটি (কমপক্ষে) অবদান নির্দিষ্ট করেছে। | ভবিষ্যৎ প্রযুক্তি সংশ্লিষ্ট পেশায় নিজের অবস্থানকে কল্পনা করে দেশের কল্যাণে সম্ভাব্য কয়েকটি (দুইয়ের অধিক) অবদান নির্দিষ্ট করেছে। | ভবিষ্যৎ প্রযুক্তি সংশ্লিষ্ট পেশায় নিজের অবস্থানকে কল্পনা করে দেশে ও আন্তর্জাতিক অঙ্গনে সম্ভাব্য কী কী কল্যাণকর অবদান রাখতে পারে, তা নির্দিষ্ট করেছে। |
| ০৭.০৭.০৭ | কৃষি ও সেবা খাতের একাধিক কাজ/আইটেমের ওপর প্রাথমিক দক্ষতা প্রদর্শন করতে পারা। <br><br> **(উদাহরণ:** <br> কৃষি: গৃহপালিত পাখি পালন, সেবা: কুকিং, কেয়ার গিভিং , ইত্যাদি হতে পারে) | ০৭.০৭.০৭.০১ | মৌলিক খাবার রান্না করতে পারছে | বিশেষ প্রয়োজনে নিরাপত্তা মেনে, অন্যদের সহায়তায় মৌলিক কিছু খাবার রান্না করছে। | পরিচ্ছন্নতা ও নিরাপত্তা বজায় রেখে, প্রয়োজন অনুযায়ী পরিবারের জন্য মৌলিক খাবার রান্না করছে | পরিচ্ছন্নতা ও নিরাপত্তা বজায় রেখে, নিজের পছন্দমতো বৈচিত্র্যপূর্ণভাবে বিভিন্ন খাবার রান্না ও পরিবেশন করছে। |
| | | ০৭.০৭.০৭.০২ | পরিবারের সদস্যদের সেবা প্রদান করতে পারছে | ব্যক্তিগত, স্বাস্থ্যগত ও সামাজিক পরিচর্যা/সেবা সম্পর্কে জেনে নিজের সময় ও সুযোগ অনুযায়ী মাঝে মাঝে পরিবারের সদস্যদের সেবা প্রদান করছে। | ব্যক্তিগত, স্বাস্থ্যগত ও সামাজিক পরিচর্যা/সেবা সংক্রান্ত দক্ষতা অর্জন করে ছুটির দিনগুলোতে নিয়মিত পরিবারের সদস্যদের সেবা প্রদান করছে। | ব্যক্তিগত, স্বাস্থ্যগত ও সামাজিক পরিচর্যা/সেবা সংক্রান্ত দক্ষতা অর্জন করে যেকোনো পরিস্থিতিতে পরিবারের সদস্যদের নিয়মিত প্রদান করছে। |
| | | ০৭.০৭.০৭.০৩ | গৃহপালিত পাখি লালন-পালন করতে পারছে | পরিবারের সদস্যদের সহায়তায় স্বল্প সময়ের জন্য (১/২ সপ্তাহ) একটি গৃহপালিত পাখি পালন করতে পেরেছে। | নিজ উদ্যোগে নিয়মিত পরিচর্যার মাধ্যমে এক থেকে দুইমাস সময়কাল পর্যন্ত সুস্থ রেখে একটি গৃহপালিত পাখি পালন করেছে। | নিজ উদ্যোগে পরিচ্ছন্নতা ও সতর্কতা বজায় রেখে, নিয়মিত পরিচর্যার মাধ্যমে দুই থেকে চারমাস সময়কাল পর্যন্ত সুস্থ রেখে একটি গৃহপালিত পাখি পালন করেছে। |

# পরিশিষ্ট ২

## শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়নের টপশিট

সপ্তম শ্রেণির নির্দিষ্ট শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়নের টপশিট পরবর্তী পৃষ্ঠা থেকে ধারাবাহিকভাবে দেওয়া হলো। শিক্ষক কোন অভিজ্ঞতা শেষে কোন পারদর্শিতার সূচকে ইনপুট দিবেন, তা প্রতিটি শিখন অভিজ্ঞতার সাথে দেওয়া আছে। নির্দিষ্ট শিখন অভিজ্ঞতার ক্ষেত্রে শিক্ষার্থীর যে পারদর্শিতা দেখে শিক্ষক তার অর্জিত মাত্রা নিরূপণ করবেন তা সংশ্লিষ্ট ছকে দেওয়া আছে; এবং যে শিখন কার্যক্রমগুলো পর্যবেক্ষণ করে এই ইনপুট দিবেন তাও ছকের ডান পাশে উল্লেখ করা আছে। পরিশিষ্ট-৩ এ শিক্ষার্থীর মূল্যায়নের তথ্য সংগ্রহের একটা ফাঁকা ছক দেওয়া আছে। ঐ ছকের প্রয়োজনীয় সংখ্যক অনুলিপি তৈরি করে শিক্ষক প্রতিটি শিখন অভিজ্ঞতার তথ্য সংগ্রহ ও সংরক্ষণে ব্যবহার করতে পারবেন।

প্রত্যেক অভিজ্ঞতায় শিখনকালীন মূল্যায়নের জন্য একক কাজ/জোড়ায় কাজ/দলগত কাজ/প্রজেক্ট ওয়ার্ক/একক কর্মপত্র/অনুশীলনীর কাজ/প্রতিবেদন তৈরি ইত্যাদি কার্যক্রমের মধ্যে থেকে একটি বা দুইটি নমুনাস্বরূপ এই ছকে দেওয়া হয়েছে। শিক্ষক প্রতিটি অভিজ্ঞতা পরিচালনার পূর্বে ঐ অভিজ্ঞতা সংশ্লিষ্ট সকল পারদর্শিতার নির্দেশক সম্পর্কে গভীরভাবে ধারণা নিয়ে নিবেন এবং এক্ষেত্রে এই ছকের নমুনা শিক্ষককে সাহায্য করবে। মূল্যায়নের সময় এই নমুনা ধারণা ব্যবহার করে শিক্ষক সহায়িকা অনুসারে প্রতিটি কাজ পরিচালনা করবেন। বিভিন্ন ধরনের কাজের ক্ষেত্রে শিক্ষার্থী যেন তার আশেপাশের পরিবেশ থেকে প্রেক্ষাপট নির্বাচন করে, তা লক্ষ্য রাখবেন। কোনো সেশনে শিক্ষার্থী তার পাঠ্যবইয়ের যে ছক, ঘর ইত্যাদি পূরণ করার কথা, সেদিনই কাজের অংশ হিসেবে শ্রেণিকক্ষেই তা পূরণ করেছে কিনা, শিক্ষক তা যাচাই করবেন এবং শিক্ষার্থীর বইয়ে প্রয়োজনীয় উন্নয়নের জন্য পরামর্শ/ফিডব্যাকসহ স্বাক্ষর দিবেন। যে কাজগুলো দলগত, সেগুলো মূল্যায়নের ক্ষেত্রে শিক্ষক লক্ষ রাখবেন, দলের প্রত্যেক সদস্য যেন তাদের কাজের উদ্দেশ্য জেনে অংশগ্রহণ করে। দলের প্রত্যেক সদস্যকে পর্যবেক্ষণে রেখে, প্রত্যেককে আলাদা আলাদাভাবে তার পারদর্শিতা অনুযায়ী মূল্যায়ন করবেন।

| শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়ন ছক | | |
|---|---|---|
| **অভিজ্ঞতা নং : ১**<br>**অভিজ্ঞতার শিরোনাম: কাজের মাঝে আনন্দ**<br>**সংশ্লিষ্ট যোগ্যতা : ০৭.০৭.০৪** | | |
| **পারদর্শিতার নির্দেশক নং** | **পারদর্শিতার নির্দেশক** | **শিক্ষার্থীর যেসব কাজ/আচরণ দেখে মাত্রা নিরূপণ করা যেতে পারে** |
| ০৭.০৭.০৪.০১ | পারিবারিক বাজেট করতে পারছে | ১. পারিবারিক বাজেটের ধারণাটি স্পষ্টভাবে উপস্থাপন, পৃষ্ঠা ৮-৯<br>২. দলগত কাজের অংশ হিসেবে রামিয়ার পারিবারিক বাজেট পরিকল্পনা প্রণয়ন, পৃষ্ঠা ৯-১০<br>৩. নিজ পরিবারের আয় বিবেচনা করে ব্যয়ের পরিকল্পনা অর্থাৎ বাজেট প্রণয়ন, পৃষ্ঠা ১০-১১<br>৪. অন্তত দুই মাস পারিবারিক আয় ও ব্যয় অনুসরণপূর্বক আর্থিক খাতায় রেকর্ড সংগ্রহ<br>৫. সংগৃহীত রেকর্ড পর্যালোচনা করে বাজেট পরিকল্পনার দুর্বলতা নির্ণয়, পৃ ১২-১৩ |
| ০৭.০৭.০৪.০২ | পরিবারের আর্থিক কাজে সহযোগিতা করতে পারছে | ১. পরিবারের আর্থিক কাজ চিহ্নিত করা (পৃষ্ঠা ১৭)<br>২. পৃষ্ঠা ১৭ এর প্রশ্ন ২ এর উত্তরে চিত্র ১.৬ অনুসারে পরিবারের আর্থিক খরচ সাশ্রয় করে এমন পারিবারিক কাজগুলো শনাক্ত করা<br>৩. পারিবারিক আর্থিক কাজে সহযোগিতার পরিকল্পনা প্রণয়ন করে অভিভাবকের স্বাক্ষরসহ জমা দেওয়া, পৃষ্ঠা ১৮<br>৪. পরিকল্পনা অনুযায়ী আর্থিক কাজে পরিবারকে সহযোগিতা করা<br>৫. পরিকল্পনা অনুযায়ী কাজের রিপোর্ট অভিভাবকের স্বাক্ষরসহ শিক্ষকের নিকট জমা দেওয়া |

| শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়ন ছক | | |
|---|---|---|
| **অভিজ্ঞতা নং : ২**<br>**অভিজ্ঞতার শিরোনাম: পেশার রূপবদল**<br>**সংশ্লিষ্ট যোগ্যতা : ০৭.০৭.০২** | | |
| **পারদর্শিতার নির্দেশক নং** | **পারদর্শিতার নির্দেশক** | **শিক্ষার্থীর যেসব কাজ/আচরণ দেখে মাত্রা নিরূপণ করা যেতে পারে** |
| ০৭.০৭.০২.০১ | দেশীয় শ্রমবাজারের চাহিদা পরিবর্তনের ধারা বিশ্লেষণ করতে পারছে | ১. স্থানীয় পেশাজীবীদের তালিকা তৈরি। পৃষ্ঠা ২৩ (দলগত কাজ)<br>২. অর্থনৈতিক খাত অনুযায়ী স্থানীয় ও দেশীয় পেশাসমূহ তালিকাভুক্ত করা। পৃষ্ঠা ২৬-২৭ (দলগত কাজ)<br>৩. স্থানীয় বিভিন্ন খাতের পেশা বা কাজের পরিবর্তনের ধারা খুঁজে বের করা। পৃষ্ঠা ২৯ (দলগত কাজ)<br>৪. দেশীয় শ্রম বাজারের পরিবর্তনের ধারা বিশ্লেষণ করা। পৃষ্ঠা ৩১ (দলগত কাজ)<br>(প্রতিটি দলগত কাজে প্রত্যেক শিক্ষার্থীর সক্রিয় অংশগ্রহণ, উপস্থাপন, অর্থপূর্ণ অবদান, বিশ্লেষণধর্মী লেখা, পূরণকৃত ছক ইত্যাদি<br>বিবেচনা করতে হবে, এবং প্রমাণক হিসেবে তাদের ছক ও লেখা সংরক্ষণ করতে হবে।) |
| ০৭.০৭.০২.০২ | সম্ভাব্য পেশার জন্য প্রয়োজনীয় দক্ষতা অনুসন্ধান করতে পারছে | ১. প্যানেল আলোচনায় সক্রিয় অংশগ্রহণের মাধ্যমে পেশার দক্ষতা সংক্রান্ত প্রশ্ন করা।<br>২. পেশাগত পরিবর্তনের সাথে খাপ খাওয়ানোর দক্ষতা ও প্রস্তুতি শনাক্ত করা।<br>(বক্স ২.২, পৃষ্ঠা ৩২)<br>৩. পাঠ্যবইয়ে সন্নিবেশিত কেস অনুযায়ী ভবিষ্যত ক্যারিয়ার গঠনে প্রয়োজনীয় দক্ষতা শনাক্ত করা। পৃষ্ঠা ৩৫<br>৪. অভিভাবকের স্বাক্ষরসহ পাঠ্যবইয়ের ৩৬ ও ৩৭ নং পৃষ্ঠার স্বমূল্যায়ন ছকটি পূরণ । |

| শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়ন ছক | | |
|---|---|---|
| **অভিজ্ঞতা নং: ৩**<br>**অভিজ্ঞতার শিরোনাম: আগামীর স্বপ্ন**<br>**সংশ্লিষ্ট যোগ্যতা : ০৭.০৭.০৬** | | |
| **পারদর্শিতার নির্দেশক নং** | **পারদর্শিতার নির্দেশক** | **শিক্ষার্থীর যেসব কাজ/আচরণ দেখে মাত্রা নিরূপণ করা যেতে পারে** |
| ০৭.০৭.০৬.০১ | আগামীর পেশায় ভবিষ্যৎ প্রযুক্তির প্রভাব বিশ্লেষণ করতে পারছে | ১. '২০৪১ সালের একদিন' গল্পটির সবগুলো প্রযুক্তি শনাক্ত করা। পৃষ্ঠা ৪৪-৫১<br>২. শনাক্তকৃত ভবিষ্যত প্রযুক্তি মানব কল্যাণে ব্যবহারের ক্ষেত্র দলগত আলোচনার মাধ্যমে খুঁজে বের করা। পৃষ্ঠা ৫১ (দলগত কাজ) |
| ০৭.০৭.০৬.০২ | ভবিষ্যৎ প্রযুক্তিসংশ্লিষ্ট যেকোনো একটি পেশায় নিজের সম্ভাব্য অবদান চিহ্নিত করতে পারছে | ১. ভবিষ্যত প্রযুক্তি বিবেচনায় নিয়ে নিজের জন্য একটি পেশা শনাক্ত করা। পৃষ্ঠা ৫২ (একক কাজ)<br>২. দেশের কল্যাণে সংশ্লিষ্ট পেশায় নিজে কীভাবে অবদান রাখতে পারবে, তা সুনির্দিষ্ট করেছে। পৃষ্ঠা ৫২<br>৩. দলগতভাবে নাটক তৈরি করেছে। পৃষ্ঠা ৫৩ (দলগত কাজ)<br>৪. পাঠ্যবইয়ের ৫৪ ও ৫৫ নং পৃষ্ঠার স্বমূল্যায়ন ছকটি অভিভাবকের মতামতসহ পূরণ । |

| শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়ন ছক | | |
|---|---|---|
| **অভিজ্ঞতা নং: ৪**<br>**অভিজ্ঞতার শিরোনাম: আর্থিক ভাবনা**<br>**সংশ্লিষ্ট যোগ্যতা : ০৭.০৭.০৫** | | |
| **পারদর্শিতার নির্দেশক নং** | **পারদর্শিতার নির্দেশক** | **শিক্ষার্থীর যেসব কাজ/আচরণ দেখে মাত্রা নিরূপণ করা যেতে পারে** |
| ০৭.০৭.০৫.০১ | আর্থিক লেনেদেনে যৌক্তিকতা বজায়ে ভূমিকা রাখতে পারছে | ১. আর্থিক লেনদেন সম্পর্কে ধারণা উপস্থাপন । পৃষ্ঠা ৫৯ (দলগত কাজ), ৬০ (একক কাজ)<br>২. আর্থিক লেনদেনে যৌক্তিকতার ধারণা উপস্থাপন । পৃষ্ঠা ৬৩ (দলগত কাজ)<br>৩. দৃশ্যপট থেকে দলগতভাবে আর্থিক লেনেদেনে যৌক্তিকতার অংশ বের করা। পৃ-৬৪-৬৬<br>৪. নিজ ও পরিবারের আর্থিক লেনদেনে যৌক্তিকতা বিশ্লেষণ। পৃষ্ঠা ৬৬-৬৭ |

| | | |
|---|---|---|
| | | ৫. স্বমূল্যায়ন অংশে যৌক্তিকভাবে লেনদেনের সারিগুলো পূরণ করে অভিভাবকের মতামত ও স্বাক্ষরসহ জমা প্রদান। পৃষ্ঠা ৭৫, ৭৬ |
| ০৭.০৭.০৫.০২ | আর্থিক লেনদেনে নৈতিকতা বজায়ে ভূমিকা রাখতে পারছে | ১. আর্থিক লেনদেনে নৈতিকতার ধারণা স্পষ্টভাবে উপস্থাপন করেছে। পৃষ্ঠা ৬৭, ৬৮ (দলগত কাজ)<br>২. দৃশ্যপট থেকে দলগতভাবে আর্থিক লেনেদেনে নৈতিকতার অংশ বের করা। পৃ-৭০-৭২<br>৩. নিজ ও পরিবারের আর্থিক লেনদেনে নৈতিকতা বিশ্লেষণ করা। পৃষ্ঠা ৭২-৭৩<br>৪. স্বমূল্যায়ন অংশে নৈতিকভাবে লেনদেনের সারিগুলো পূরণ করে অভিভাবকের মতামত ও স্বাক্ষরসহ জমা প্রদান। পৃষ্ঠা ৭৫, ৭৬ |

| শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়ন ছক | | |
|---|---|---|
| **অভিজ্ঞতা নং: ৫**<br>**অভিজ্ঞতার শিরোনাম: আমার জীবন আমার লক্ষ্য**<br>**সংশ্লিষ্ট যোগ্যতা : ০৭.০৭.০১** | | |
| **পারদর্শিতার নির্দেশক নং** | **পারদর্শিতার নির্দেশক** | **শিক্ষার্থীর যেসব কাজ/আচরণ দেখে মাত্রা নিরূপণ করা যেতে পারে** |
| ০৭.০৭.০১.০১ | জীবনের লক্ষ্য নির্ধারণ করতে পারছে | ১. গল্প থেকে জীবনের লক্ষ্য সম্পর্কে ধারণা উপস্থাপন করা। পৃষ্ঠা ৮০ (দলগত কাজ)<br>২. 'নিজেকে জানা'র কাজটি করা। পৃ-৮১<br>৩. সময়ের সাথে নিজের পছন্দ ও আগ্রহের পরিবর্তন অনুধাবন ও পরিবারের প্রভাব উপলব্ধি করা। পৃ-৮১<br>৪. ক্লাসে আয়োজিত বিতর্কে সক্রিয় অংশগ্রহণ করে জীবনের লক্ষ্য সংক্রান্ত প্রাসঙ্গিক তথ্য ও যুক্তি সরবরাহ করা।<br>৫. নিজের পছন্দ, আগ্রহ, যোগ্যতার সাথে মিল রেখে পরিবারের মতামত বিবেচনা করে নিজের ভবিষ্যত সম্ভাব্য পেশা নির্বাচন করা। পৃ-৮৬ |
| ০৭.০৭.০১.০২ | লক্ষ্য অর্জনের জন্য পরিকল্পনা প্রণয়ন করতে পারছে | ১. কেস: আবু ও শিলার কীর্তি' গল্পে হেড স্যারের স্বপ্ন পূরণের একটি পরিকল্পনা সাজানো। পৃ-৮৭, ৮৮<br>২. কেস: মেরিনার লক্ষ্যে পৌঁছানোর গল্পে নিজেকে মেরিনার চরিত্রে কল্পনা করে পরিকল্পনা প্রণয়ন । পৃ ৯০, ৯১<br>৩. যেকোনো একজনের সফলতার কাহিনী শুনে সঠিকভাবে জীবন নদী আঁকা। পৃষ্ঠা ৯১ (একক কাজ) |

| | | |
|---|---|---|
| ০৭.০৭.০১.০৩ | স্বল্পমেয়াদি পরিকল্পনা বাস্তবায়নে পদক্ষেপ গ্রহণ করতে পারছে | ১. নিজের জন্য একটি লক্ষ্য স্থির করে উক্ত লক্ষ্যে পৌঁছানোর জন্য ব্যক্তিগত SWOT এনালাইসিস করা। পৃষ্ঠা ৮৯, ৯৪<br>২. নির্বাচিত পেশায় জন্য উক্ত পেশায় নিজেকে কল্পনা করে স্বল্পমেয়াদি পরিকল্পনা তৈরি। |

| শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়ন ছক | | |
|---|---|---|
| **অভিজ্ঞতা নং: ৬**<br>**অভিজ্ঞতার শিরোনাম: দশে মিলে করি কাজ**<br>**সংশ্লিষ্ট যোগ্যতা : ০৭.০৭.০৩** | | |
| **পারদর্শিতার নির্দেশক নং** | **পারদর্শিতার নির্দেশক** | **শিক্ষার্থীর যেসব কাজ/আচরণ দেখে মাত্রা নিরূপণ করা যেতে পারে** |
| ০৭.০৭.০৩.০১ | কোনো লক্ষ্য অর্জনে দলগতভাবে কাজ করতে পারছে | ১. দলগত কাজে সক্রিয়ভাবে অংশগ্রহণ করা<br>২. দলগত আলোচনায় অন্যের মতামতকে গুরুত্ব দেওয়া<br>৩. দলগত কাজে আগ্রহসহকারে/স্বতঃস্ফূর্তভাবে নিজেকে সম্পৃক্ত করা<br>৪. দলের অন্যান্যদের সাথে সহযোগিতামূলক আচরণ করা<br>৫. দলগতভাবে সমাধানের লক্ষ্যে স্থানীয় একটি সমস্যা খুঁজে বের করা |
| ০৭.০৭.০৩.০২ | দলগতভাবে সমস্যা সমাধানে পদক্ষেপ গ্রহণ করতে পারছে | ১. দলে কার্যকর যোগাযোগের মাধ্যমে পাঠ্যবইয়ের 'সমস্যা ১' ও 'সমস্যা ২' এর সমাধানের প্রক্রিয়া খুঁজে বের করা।<br>২. দলের সিদ্ধান্ত অনুযায়ী সমস্যা সমাধানের জন্য পদক্ষেপ গ্রহণের প্রস্তুতি গ্রহণ। (পৃষ্ঠা ১০১-১০৫ এর অনুশীলন)<br>৩. সমস্যা সমাধানের ধাপগুলো অনুসরণ করে স্থানীয়ভাবে চিহ্নিত কোনো সমস্যা সমাধানের পরিকল্পনা করে প্রয়োজনীয় উদ্যোগ বা পদক্ষেপ গ্রহণ ।<br>৪. পৃষ্ঠা ১০৮ এ উল্লিখিত প্রজেক্ট ওয়ার্কটি সম্পন্ন করে নিজের অভিজ্ঞতার আলোকে প্রতিবেদন প্রণয়ন । |

**পরবর্তী অভিজ্ঞতা নং ৭, ৮ ও ৯ এর মধ্যে 'অভিজ্ঞতা ৮-কেয়ার গিভিং' সকল প্রতিষ্ঠানে সকল শিক্ষার্থীর জন্য বাধ্যতামূলক। তবে 'অভিজ্ঞতা ৭-কুকিং' এবং 'অভিজ্ঞতা ৯-মুরগি পালন' এর মধ্য থেকে প্রতিষ্ঠান নিজ নিজ সুযোগ-সুবিধা বিবেচনা করে যেকোনো একটি নির্বাচন করে নিতে পারবে। সেক্ষেত্রে, উক্ত দুটির (অভিজ্ঞতা ৭ এবং ৮) মধ্যে যেকোনো একটির জন্য নির্ধারত পি আই শিক্ষার্থীদের জন্য প্রযোজ্য হবে।**

| শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়ন ছক | | |
|---|---|---|
| **অভিজ্ঞতা নং: ৭**<br>**অভিজ্ঞতার শিরোনাম: কুকিং**<br>**সংশ্লিষ্ট যোগ্যতা : ০৭.০৭.০৭** | | |
| **পারদর্শিতার নির্দেশক নং** | **পারদর্শিতার নির্দেশক** | **শিক্ষার্থীর যেসব কাজ/আচরণ দেখে মাত্রা নিরূপণ করা যেতে পারে** |
| ০৭.০৭.০৭.০১ | মৌলিক খাবার রান্না করতে পারছে | ১. নিজের হাতে রান্না করার বিষয়ে মনোভাব প্রদর্শণ ।<br>২. যেকোনো পরিস্থিতিতে প্রয়োজন অনুসারে রান্না করতে পারার দক্ষতা প্রদর্শণ ।<br>৩. রান্নার কাজে সবসময় পরিচ্ছন্নতা বজায় রাখা ।<br>৪. নিরাপত্তা মেনে রান্নার কাজ সম্পন্ন করা।<br>৫. বৈচিত্র্যপূর্ণভাবে মৌলিক কিছু খাবার (পাঠ্যবইয়ে সন্নিবেশিত) রান্না করা।<br>(এই কাজগুলো যাচাইয়ের ক্ষেত্রে পৃষ্ঠা ১২২-১২৪, ১৩৩-১৩৫-১৪৭ এর স্বমূল্যায়ন ছকের উপস্থাপন ও অভিভাবকের মতামত দেখে নিতে হবে।) |

| শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়ন ছক | | |
|---|---|---|
| **অভিজ্ঞতা নং: ৮**<br>**অভিজ্ঞতার শিরোনাম: কেয়ার গিভিং**<br>**সংশ্লিষ্ট যোগ্যতা : ০৭.০৭.০৭** | | |
| **পারদর্শিতার নির্দেশক নং** | **পারদর্শিতার নির্দেশক** | **শিক্ষার্থীর যেসব কাজ/আচরণ দেখে মাত্রা নিরূপণ করা যেতে পারে** |
| ০৭.০৭.০৭.০২ | পরিবারের সদস্যদের সেবা প্রদান করতে পারছে | ১. পরিবারের কোনো সদস্য/বাড়িতে বৃদ্ধ/ শিশু/ প্রতিবন্ধী/ নির্ভরশীল কাউকে তার ব্যক্তিগত পরিচর্যায় সহায়তা প্রদান<br>২. উক্ত ধরনের কোনো সদস্যের সাধারণ স্বাস্থ্য পরিচর্যায় সহায়তা প্রদান (ছক ৮.১, ৮.২ এবং ৮.৩ )<br>৩. উল্লিখিত সদস্যদের পরিচর্যার ক্ষেত্রে নিজের নিরাপত্তা এবং সতর্কতা মেনে সহায়তা প্রদান।<br>৪. কেয়ার গিভিং এর প্রতি সমাজিক সচেতনতা তৈরি করা (হেলথ ক্যাম্পের পরিকল্পনা, আয়োজন ও সক্রিয়তা ) |

| শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়ন ছক | | |
|---|---|---|
| **অভিজ্ঞতা নং: ৯**<br>**অভিজ্ঞতার শিরোনাম: মুরগি পালন**<br>**সংশ্লিষ্ট যোগ্যতা : ০৭.০৭.০৭** | | |
| **পারদর্শিতার নির্দেশক নং** | **পারদর্শিতার নির্দেশক** | **শিক্ষার্থীর যেসব কাজ/আচরণ দেখে মাত্রা নিরূপণ করা যেতে পারে** |
| ০৭.০৭.০৭.০৩ | গৃহপালিত পাখি লালন-পালন করতে পারছে | ১. নিজ উদ্যোগে পরিচ্ছন্নতা বজায় রেখে গৃহপালিত পাখি পালন করা।<br>২. সতর্কতা বজায় রেখে, নিয়মিত পরিচর্যার মাধ্যমে পাখি পালন করা।<br>৩. দুই থেকে চারমাস সময়কাল পর্যন্ত সুস্থ রেখে একটি গৃহপালিত পাখি পালন করা।<br>৪. (এই কাজগুলো যাচাইয়ের ক্ষেত্রে পৃষ্ঠা ১৮০-১৮২ এর স্বমূল্যায়ন ছকের উপস্থাপন ও অভিভাবকের মতামত দেখে নিতে হবে।) |

# পরিশিষ্ট ৩

## শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়নের জন্য শিক্ষার্থীর উপাত্ত সংগ্রহের ছক

নির্দিষ্ট শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়নের জন্য শিক্ষার্থীর উপাত্ত সংগ্রহের জন্য ফাঁকা ছক পরবর্তী পৃষ্ঠায় দেওয়া হলো। শিক্ষার্থীর সংখ্যা বিবেচনায় শিক্ষকগণ প্রতি শিখন অভিজ্ঞতা শেষে এই ছকের প্রয়োজনীয় সংখ্যক অনুলিপি তৈরি করে নিবেন। ছকে ইনপুট দেওয়া হয়ে গেলে শিক্ষক পরবর্তীতে যেকোনো সুবিধাজনক সময়ে (শিখন অভিজ্ঞতা শেষ হওয়ার এক সপ্তাহের মধ্যে) এই ছকের রেকর্ড থেকে তথ্য 'নৈপুণ্য' অ্যাপে ইনপুট দিবেন।

**উদাহরণ:**

'কাজের মাঝে আনন্দ' শিখন অভিজ্ঞতায় শিক্ষার্থীর পারদর্শিতা মূল্যায়নের সুবিধার্থে দুটি পারদর্শিতার নির্দেশক নির্বাচন করা হয়েছে, সেগুলো হলো ০৭.০৭.০৪.০১ এবং ০৭.০৬.০৭.০২ (পরিশিষ্ট-২ দেখা যেতে পারে)। শিক্ষক উক্ত শিখন অভিজ্ঞতার টপশিটের সাথে পরের পৃষ্ঠায় দেওয়া ছকটি পূরণ করে ব্যবহার করবেন। নিচে নমুনা হিসেবে কয়েকজন শিক্ষার্থীর পারদর্শিতার মাত্রা কীভাবে রেকর্ড করবেন তা দেখানো হলো।

**শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়ন ছক**

| প্রতিষ্ঠানের নাম : | | | তারিখ: |
|---|---|---|---|
| অভিজ্ঞতা নং : ০১ | শ্রেণি : সপ্তম | বিষয় : জীবন ও জীবিকা | শিক্ষকের নাম ও স্বাক্ষর |
| শিখন অভিজ্ঞতার শিরোনাম : **কাজের মাঝে আনন্দ** | | | রায়হানা আহমেদ |

| রোল নং | নাম | প্রযোজ্য PI নং | |
|---|---|---|---|
| | | ০৭.০৭.০৪.০১ | ০৭.০৭.০৪.০২ |
| ০১ | তনিমা চৌধুরী | □●△ | □○▲ |
| ০২ | মারুফ আহমেদ | □●△ | □●△ |
| ০৩ | অমিত কুণ্ডু | □○▲ | □○▲ |
| ০৪ | নিলুফার ইয়াসমিন | ■○△ | □●△ |
| ০৫ | রুনু সরকার | □○▲ | □●△ |
| ০৬ | অর্ণব রোজারিও | □○▲ | □●△ |

| প্রতিষ্ঠানের নাম : | | | তারিখ: |
|---|---|---|---|
| অভিজ্ঞতা নং : | শ্রেণি : সপ্তম | বিষয় : জীবন ও জীবিকা | শিক্ষকের নাম ও স্বাক্ষর : |
| শিখন অভিজ্ঞতার শিরোনাম : | | | |

| রোল নং | নাম | প্রযোজ্য PI নং | | |
|---|---|---|---|---|
| | | | | |
| | | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ |

| রোল নং | নাম | প্রযোজ্য PI নং | | |
|---|---|---|---|---|
| | | | | |
| | | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ |

# পরিশিষ্ট ৪

## শিক্ষার্থীর ট্রান্সক্রিপ্টের ফরম্যাট

| | | | |
|---|---|---|---|
| **প্রতিষ্ঠানের নাম** | | | |
| **শিক্ষার্থীর নাম** | | | |
| **শিক্ষার্থীর আইডি:** | **শ্রেণি : সপ্তম** | **বিষয় : জীবন ও জীবিকা** | **শিক্ষকের নাম :** |

| **পারদর্শিতার নির্দেশক** | **পারদর্শিতার মাত্রা** | | |
|---|---|---|---|
| ০৭.০৭.০১.০১ জীবনের লক্ষ্য নির্ধারণ করতে পারছে | | | |
| | ব্যক্তিগত পছন্দ ও আগ্রহ বিবেচনা করে জীবনের আপাত লক্ষ্য নির্ধারণ করেছে। | নিজের পছন্দ, আগ্রহ ও সামর্থ্যের যুক্তিনির্ভর বিশ্লেষণের মাধ্যমে জীবনের লক্ষ্য নির্ধারণ করেছে। | নিজের পছন্দ, আগ্রহ, সামর্থ্য এবং পারিপার্শ্বিকতা সূক্ষ্মভাবে বিবেচনায় নিয়ে নিজের জীবনের লক্ষ্য নির্ধারণ করেছে। |
| ০৭.০৭.০১.০২ লক্ষ্য অর্জনের জন্য পরিকল্পনা প্রণয়ন করতে পারছে | | | |
| | লক্ষ্যে পৌঁছানোর জন্য প্রাথমিক কিছু পরিকল্পনা প্রণয়ন করে উপস্থাপন করেছে। | লক্ষ্যে পৌঁছানোর জন্য পরিকল্পনার কয়েকটি বৈশিষ্ট্য বিবেচনায় রেখে পরিকল্পনা প্রণয়ন করেছে। | লক্ষ্যে পৌছানোর পথকে বিভিন্ন মেয়াদে ভাগ করে পরিকল্পনার সকল বৈশিষ্ট্য বিবেচনায় রেখে একটি যৌক্তিক ও সংগঠিত পরিকল্পনা প্রণয়ন করেছে। |
| ০৭.০৭.০১.০৩ স্বল্পমেয়াদি পরিকল্পনা বাস্তবায়নে পদক্ষেপ গ্রহণ করতে পারছে | | | |
| | প্রাথমিক পদক্ষেপ হিসেবে নির্বাচিত পেশার ক্ষেত্রে নিজের সামর্থ্য ও দুর্বলতা চিহ্নিত করেছে। | নির্বাচিত পেশার ক্ষেত্রে নিজের সামর্থ্য, দুর্বলতা এবং সম্ভাব্য সুযোগগুলো চিহ্নিত (সোয়াট বিশ্লেষণ) করেছে। | নির্বাচিত পেশার ক্ষেত্রে বিভিন্ন পারিপার্শ্বিকতা বিবেচনায় নিয়ে নিজের সামর্থ্য, দুর্বলতা, সুযোগ ও চ্যালেঞ্জগুলো চিহ্নিত (সোয়াট বিশ্লেষণ) করেছে । |
| ০৭.০৭.০২.০১ দেশীয় শ্রমবাজারের চাহিদা পরিবর্তনের ধারা বিশ্লেষণ করতে পারছে | | | |
| | সময়ের প্রেক্ষিতে দেশীয় শ্রমবাজারে সেবা, শিল্প ও কৃষিখাতসমূহের চাহিদার পরিবর্তন শনাক্ত করে তথ্য উপস্থাপন করেছে। | সময়ের প্রেক্ষিতে দেশীয় শ্রমবাজারে সেবা, শিল্প ও কৃষিখাতসমূহের চাহিদা বিবেচনা করে পেশাসমূহের পরিবর্তনের ধরণ নিরূপণ করছে। | সময়ের প্রেক্ষিতে দেশীয় শ্রমবাজারে সেবা, শিল্প ও কৃষিখাতসমূহের পেশা পরিবর্তনের ধরন অনুযায়ী কারণ নিরূপণ করেছে। |

| | | | |
|---|---|---|---|
| ০৭.০৭.০২.০২ সম্ভাব্য পেশার জন্য প্রয়োজনীয় দক্ষতা অনুসন্ধান করতে পারছে | স্থানীয় একটি সম্ভাব্য পেশার প্রয়োজনীয় কিছু দক্ষতা চিহ্নিত করেছে। | স্থানীয়/দেশীয় একটি সম্ভাব্য পেশার জন্য চ্যালেঞ্জ এবং তা মোকাবিলার প্রয়োজনীয় দক্ষতা চিহ্নিত করেছে। | বিভিন্ন তথ্য উৎস ব্যবহারের মাধ্যমে পদ্ধতিগতভাবে ভবিষ্যৎ শ্রমবাজারের চাহিদা অনুযায়ী সম্ভাব্য একটি পেশার চ্যালেঞ্জ, প্রয়োজনীয় দক্ষতা এবং খাপ খাওয়ানোর জন্য প্রস্তুতিমূলক দক্ষতা চিহ্নিত করেছে। |
| ০৭.০৭.০৩.০১ কোনো লক্ষ্য অর্জনে দলগতভাবে কাজ করতে পারছে | দলগত কাজে সক্রিয়ভাবে অংশগ্রহণ করছে। | কার্যকর যোগাযোগের মাধ্যমে অন্যের মতামতকে গুরুত্ব দিয়ে নিজের কাজে পরিবর্তন আনছে। | কার্যকর যোগাযোগ কৌশল অনুসরণ করে দলগত যেকোনো কাজে অন্যদের আন্তরিকভাবে সহায়তা করছে। |
| ০৭.০৭.০৩.০২ দলগতভাবে সমস্যা সমাধানে পদক্ষেপ গ্রহণ করতে পারছে | দলগতভাবে কোনো সমস্যা চিহ্নিত করে তা সমাধানের একাধিক উপায় চিহ্নিত করেছে। | সমস্যা সমাধানের ধাপ অনুসরণ করে দলগতভাবে কোনো একটি সমস্যার ফলপ্রসু সমাধানের পরিকল্পনা করেছে। | দলগতভাবে কোনো সমস্যার ফলপ্রসু সমাধানের পরিকল্পনা অনুযায়ী নিজেদের মধ্যে দায়িত্ব বণ্টন করে তা সম্পাদন করতে পেরেছে। |
| ০৭.০৭.০৪.০১ পারিবারিক বাজেট করতে পারছে | সম্ভাব্য (আয় ও ব্যয় বিবেচনা না করেই) পারিবারিক বাজেটের খসড়া প্রণয়ন করেছে। | পরিবারের আয় বিবেচনা করলেও ব্যয় পরিকল্পনায় সকল প্রয়োজনীয় খাত বিবেচনা না করে বাজেট প্রণয়ন করেছে। | নিজ পরিবারের আয় ও ব্যয় পরিকল্পনার সকল খাত বিবেচনা করে পারিবারিক বাজেট যথাযথভাবে প্রণয়ন করেছে। |
| ০৭.০৭.০৪.০২ পরিবারের আর্থিক কাজে সহযোগিতা করতে পারছে | আর্থিক কাজে সহযোগিতার জন্য প্রাথমিকভাবে পরিকল্পনা প্রণয়ন করেছে। | পারিবারিক আর্থিক কাজে সহযোগিতার পরিকল্পনা প্রণয়ন করে প্রথম দিকের কাজগুলোর বাস্তবায়ন শুরু করেছে। | পারিবারিক আর্থিক কাজে সহযোগিতার পরিকল্পনা প্রণয়ন করে তা যথাযথভাবে বাস্তবায়ন করেছে। |
| ০৭.০৭.০৫.০১ আর্থিক লেনেদেনে যৌক্তিকতা বজায়ে ভূমিকা রাখতে পারছে | পারিবারিক কেনাকাটায় যৌক্তিকতা মেনে চলার বিষয়ে সদস্যদের সাথে আলোচনা করছে। | যৌক্তিকতা মেনে পারিবারিক কেনাকাটা করার বিষয়টি মাঝে মাঝে পর্যবেক্ষণ করছে এবং যৌক্তিক হচ্ছে কিনা, তা যাচাই করছে। | পরিবারিক কেনাকাটায় যৌক্তিকতা বজায় রাখতে নিয়মিত পর্যবেক্ষণ ও যাচাই-বাছাই করছ্যোজনীয়ে সংক্রান্ত প্রয়োজনীয় নির্দেশনা দিচ্ছে। |

| | | | |
|---|---|---|---|
| ০৭.০৭.০৫.০২ আর্থিক লেনদেনে নৈতিকতা বজায়ে ভূমিকা রাখতে পারছে | | | |
| | পারিবারিক লেনদেনে নৈতিকতা মেনে চলার বিষয়ে সদস্যদের সাথে আলোচনা করছে। | পরিবারিক লেনদেনে নৈতিকতা মেনে চলার বিষয়টি মাঝে মাঝে তদারকি/পর্যবেক্ষণ করছে এবং সেগুলো নৈতিকতা মেনে হচ্ছে কিনা, তা যাচাই করছে। | পরিবারিক লেনদেনে নৈতিকতা বজায় রাখতে নিয়মিত তদারকি/ পর্যবেক্ষণ ও যাচাই-বাছাই করছে এবং লেনদেনে নৈতিকতা মেনে চলার কৌশল সংক্রান্ত পরামর্শ প্রদান করছে। |
| ০৭.০৭.০৬.০১ আগামীর পেশায় ভবিষ্যৎ প্রযুক্তির প্রভাব বিশ্লেষণ করতে পারছে | | | |
| | ভবিষ্যৎ প্রযুক্তি সম্পর্কে প্রাথমিক ধারণা অর্জন করে এগুলোর প্রয়োজনীয়তা উপস্থাপন করেছে। | ভবিষ্যৎ প্রযুক্তি সম্পর্কে ধারণা অর্জন করে এগুলোর ইতিবাচক ও ঝুঁকিপূর্ণ দিকগুলো উপস্থাপন করেছে। | ভবিষ্যৎ প্রযুক্তি সম্পর্কে বিস্তারিত ধারণা অর্জন করে এগুলো আগামীর পেশায় কী ধরনের পরিবর্তন আনতে পারে, তা ব্যাখ্যা করে উপস্থাপন করেছে। |
| ০৭.০৭.০৬.০২ ভবিষ্যৎ প্রযুক্তিসংশ্লিষ্ট যেকোনো একটি পেশায় নিজের সম্ভাব্য অবদান চিহ্নিত করতে পারছে | | | |
| | ভবিষ্যৎ প্রযুক্তি সংশ্লিষ্ট পেশায় নিজের অবস্থানকে কল্পনা করে দেশের কল্যাণে সম্ভাব্য একটি (কমপক্ষে) অবদান নির্দিষ্ট করেছে। | ভবিষ্যৎ প্রযুক্তি সংশ্লিষ্ট পেশায় নিজের অবস্থানকে কল্পনা করে দেশের কল্যাণে সম্ভাব্য কয়েকটি (দুইয়ের অধিক) অবদান নির্দিষ্ট করেছে। | ভবিষ্যৎ প্রযুক্তি সংশ্লিষ্ট পেশায় নিজের অবস্থানকে কল্পনা করে দেশে ও আন্তর্জাতিক অঙ্গনে সম্ভাব্য কী কী কল্যাণকর অবদান রাখতে পারে, তা নির্দিষ্ট করেছে। |
| ০৭.০৭.০৭.০১ মৌলিক খাবার রান্না করতে পারছে | | | |
| | বিশেষ প্রয়োজনে নিরাপত্তা মেনে, অন্যদের সহায়তায় মৌলিক কিছু খাবার রান্না করছে। | পরিচ্ছন্নতা ও নিরাপত্তা বজায় রেখে, প্রয়োজন অনুযায়ী পরিবারের জন্য মৌলিক খাবার রান্না করছে। | পরিচ্ছন্নতা ও নিরাপত্তা বজায় রেখে, নিজের পছন্দমতো বৈচিত্র্যপূর্ণভাবে বিভিন্ন খাবার রান্না ও পরিবেশন করছে। |
| ০৭.০৭.০৭.০২ পরিবারের সদস্যদের সেবা প্রদান করতে পারছে | | | |
| | ব্যক্তিগত, স্বাস্থ্যগত ও সামাজিক পরিচর্যা/সেবা সম্পর্কে জেনে নিজের সময় ও সুযোগ অনুযায়ী মাঝে মাঝে পরিবারের সদস্যদের সেবা প্রদান করছে। | ব্যক্তিগত, স্বাস্থ্যগত ও সামাজিক পরিচর্যা/সেবা সংক্রান্ত দক্ষতা অর্জন করে ছুটির দিনগুলোতে নিয়মিত পরিবারের সদস্যদের সেবা প্রদান করছে। | ব্যক্তিগত, স্বাস্থ্যগত ও সামাজিক পরিচর্যা/সেবা সংক্রান্ত দক্ষতা অর্জন করে যেকোনো পরিস্থিতিতে পরিবারের সদস্যদের নিয়মিত প্রদান করছে। |
| ০৭.০৭.০৭.০৩ গৃহপালিত পাখি লালন-পালন করতে পারছে | | | |
| | পরিবারের সদস্যদের সহায়তায় স্বল্প সময়ের জন্য (১/২ সপ্তাহ) একটি গৃহপালিত পাখি পালন করেছে। | নিজ উদ্যোগে নিয়মিত পরিচর্যার মাধ্যমে এক থেকে দুইমাস সময়কাল পর্যন্ত সুস্থ রেখে একটি গৃহপালিত পাখি পালন করেছে। | নিজ উদ্যোগে পরিচ্ছন্নতা ও সতর্কতা বজায় রেখে, নিয়মিত পরিচর্যার মাধ্যমে দুই থেকে চারমাস সময়কাল পর্যন্ত সুস্থ রেখে একটি গৃহপালিত পাখি পালন করেছে। |

# পরিশিষ্ট ৫

## আচরণিক নির্দেশক (Behavioural Indicator, BI)

| আচরণিক নির্দেশক | শিক্ষার্থীর অর্জনের মাত্রা | | |
|---|---|---|---|
| | □ | ○ | △ |
| ১. দলগত কাজে সক্রিয় অংশগ্রহণ করছে | দলের কর্মপরিকল্পনায় বা সিদ্ধান্তগ্রহণে অংশ নিচ্ছে না, তবে নিজের মত করে কাজে অংশগ্রহণ করার চেষ্টা করছে | দলের কর্মপরিকল্পনায় বা সিদ্ধান্তগ্রহণে যথাযথভাবে অংশগ্রহণ না করলেও দলগত নির্দেশনা অনুযায়ী নিজের দায়িত্বটুকু যথাযথভাবে পালন করছে | দলের সিদ্ধান্ত ও কর্মপরিকল্পনায় সক্রিয় অংশগ্রহণ করছে, সেই অনুযায়ী নিজের ভূমিকা যথাযথভাবে পালন করছে |
| ২. নিজের বক্তব্য ও মতামত দলের সবার সাথে বিনিময়/শেয়ার করছে, এবং অন্যদের বক্তব্য শুনে গঠনমূলক আলোচনায় অংশ নিচ্ছে | দলের আলোচনায় একেবারেই মতামত দিচ্ছে না অথবা অন্যদের কোনো সুযোগ না দিয়ে নিজের মত চাপিয়ে দিতে চাইছে | নিজের বক্তব্য বা মতামত কদাচিৎ প্রকাশ করলেও জোরালো যুক্তি দিতে পারছে না অথবা দলগত আলোচনায় অন্যদের তুলনায় বেশি কথা বলছে | নিজের যৌক্তিক বক্তব্য ও মতামত স্পষ্ট ভাষায় দলের সবার সাথে শেয়ার করছে, এবং অন্যদের যুক্তিপূর্ণ মতামত মেনে নিয়ে গঠনমূলক আলোচনা করছে |
| ৩. নির্দিষ্ট সমস্যা সমাধানে পূর্বনির্ধারিত প্রক্রিয়া অনুযায়ী কাজের ধাপসমূহ যথাযথভাবে অনুসরণ করছে | নির্দিষ্ট সমস্যা সমাধানে পূর্বনির্ধারিত প্রক্রিয়া অনুযায়ী কিছু কিছু কাজের ধাপ অনুসরণ করছে কিন্তু ধাপগুলোর ধারাবাহিকতা রক্ষা করতে পারছে না | পূর্বনির্ধারিত প্রক্রিয়া অনুযায়ী কাজের ধাপসমূহ অনুসরণ করছে কিন্তু যে নির্দিষ্ট সমস্যা সমাধানের উদ্দেশ্যে কাজটি পরিচালিত হচ্ছে তার সাথে অনুসৃত ধাপগুলোর সম্পর্ক স্থাপন করতে পারছে না | নির্দিষ্ট সমস্যা সমাধানের উদ্দেশ্যে পূর্বনির্ধারিত প্রক্রিয়া মেনে কাজের ধাপসমূহ যথাযথভাবে অনুসরণ করছে, প্রয়োজনে প্রক্রিয়া পরিমার্জন করছে |
| ৪. শিখন অভিজ্ঞতাসমূহ চলাকালে পাঠ্যপুস্তকে বর্ণিত কাজগুলো সম্পন্ন করছে এবং বইয়ের নির্ধারিত স্থানে প্রয়োজনীয় ছক/অনুশীলনী পূরণ করছে | শিখন অভিজ্ঞতাসমূহ চলাকালে পাঠ্যপুস্তকে বর্ণিত কাজগুলো কদাচিৎ সম্পন্ন করছে, তবে বইয়ের নির্ধারিত স্থানে প্রয়োজনীয় ছক/অনুশীলনী পূরণ করেনি | শিখন অভিজ্ঞতাসমূহ চলাকালে পাঠ্যপুস্তকে বর্ণিত কাজগুলো আংশিকভাবে সম্পন্ন করছে এবং কিছু ক্ষেত্রে বইয়ের নির্ধারিত স্থানে প্রয়োজনীয় ছক/অনুশীলনী পূরণ করছে | শিখন অভিজ্ঞতাসমূহ চলাকালে পাঠ্যপুস্তকে বর্ণিত কাজগুলো যথাযথভাবে সম্পন্ন করছে এবং বইয়ের নির্ধারিত স্থানে প্রয়োজনীয় ছক/অনুশীলনী পূরণ করছে |
| ৫. পরিকল্পনা অনুযায়ী যথাসময়ে নির্ধারিত কাজ সম্পন্ন করছে | সঠিক পরিকল্পনার অভাবে সকল ক্ষেত্রেই কাজ সম্পন্ন করতে নির্ধারিত সময়ের চেয়ে বেশি সময় লাগছে | যথাসময়ে নির্ধারিত কাজ সম্পন্ন করার চেষ্টা করছে কিন্তু সঠিক পরিকল্পনার অভাবে কিছুক্ষেত্রে নির্ধারিত সময়ের চেয়ে বেশি সময় লাগছে | পরিকল্পনা অনুযায়ী যথাসময়ে নির্ধারিত কাজ সম্পন্ন করছে |
| ৬. দলগত ও একক কাজের বিভিন্ন ধাপে সততার পরিচয় দিচ্ছে | কাজের বিভিন্ন ধাপে, যেমন- তথ্য সংগ্রহ, বিশ্লেষণ ও উপস্থাপন, কাজের প্রক্রিয়া বর্ণনায়, কাজের ফলাফল প্রকাশ ইত্যাদি বিভিন্ন ক্ষেত্রে মনগড়া বা অপ্রাসঙ্গিক তথ্য দিচ্ছে এবং ব্যর্থতা লুকিয়ে রাখতে চাইছে | কাজের বিভিন্ন ধাপে, যেমন- তথ্য সংগ্রহ, বিশ্লেষণ ও উপস্থাপন, নিজের ও দলের ব্যর্থতা বা সীমাবদ্ধতা নিয়ে আলোচনা, কাজের প্রক্রিয়া ও ফলাফল বর্ণনা ইত্যাদি ক্ষেত্রে বিস্তারিত তথ্য দিচ্ছে তবে এই বর্ণনায় নিরপেক্ষতার অভাব রয়েছে | কাজের বিভিন্ন ধাপে, যেমন- তথ্য সংগ্রহ, বিশ্লেষণ ও উপস্থাপন, কাজের প্রক্রিয়া বর্ণনায়, নিজের ও দলের ব্যর্থতা বা সীমাবদ্ধতা নিয়ে আলোচনায়, কাজের ফলাফল প্রকাশ ইত্যাদি সকল ক্ষেত্রে নিরপেক্ষতা ও বস্তুনিষ্ঠতার পরিচয় দিচ্ছে |
| ৭. নিজের দায়িত্ব পালনের পাশাপাশি অন্যদের কাজে সহযোগিতা করছে এবং দলে সমন্বয় সাধন করছে | এককভাবে নিজের উপর অর্পিত দায়িত্বটুকু পালন করতে চেষ্টা করছে তবে দলের অন্যদের সাথে সমন্বয় করছে না | দলে নিজ দায়িত্ব পালনের পাশাপাশি দলের মধ্যে যারা ঘনিষ্ঠ শুধু তাদেরকে সহযোগিতা করার চেষ্টা করছে | নিজের দায়িত্ব সুষ্ঠুভাবে পালনের পাশাপাশি অন্যদের কাজে প্রয়োজনীয় সহযোগিতা করছে এবং দলগত কাজে সমন্বয় সাধনের চেষ্টা করছে |

| | | | |
|---|---|---|---|
| ৮. অন্যদের দৃষ্টিভঙ্গির ভিন্নতা ও বৈচিত্র্যের প্রতি শ্রদ্ধা রেখে তাদের মতামতের গঠনমূলক সমালোচনা করছে | অন্যদের দৃষ্টিভঙ্গির ভিন্নতা ও বৈচিত্র্যকে গুরুত্ব দিচ্ছে না এবং নিজের দৃষ্টিভঙ্গি চাপিয়ে দিচ্ছে | অন্যদের দৃষ্টিভঙ্গির ভিন্নতা ও বৈচিত্র্যকে স্বীকার করছে এবং অন্যের যুক্তি ও মতামতকে গুরুত্ব দিচ্ছে | অন্যদের দৃষ্টিভঙ্গির ভিন্নতা ও বৈচিত্র্যের প্রতি শ্রদ্ধা বজায় রেখে তাদের মতামতকে গুরুত্ব দিচ্ছে এবং গঠনমূলক আলোচনার মাধ্যমে নিজের দৃষ্টিভঙ্গি তুলে ধরছে |
| ৯. দলের অন্যদের কাজের উপর ভিত্তি করে গঠনমূলক ফিডব্যাক দিচ্ছে | প্রয়োজনে দলের অন্যদের কাজের ফিডব্যাক দিচ্ছে কিন্তু তা যৌক্তিক বা গঠনমূলক হচ্ছে না | দলের অন্যদের কাজের গঠনমূলক ফিডব্যাক দেয়ার চেষ্টা করছে কিন্তু তা সবসময় বাস্তবসম্মত হচ্ছে না | দলের অন্যদের কাজের উপর ভিত্তি করে যৌক্তিক, গঠনমূলক ও বাস্তবসম্মত ফিডব্যাক দিচ্ছে |
| ১০. ব্যক্তিগত যোগাযোগ, উপস্থাপন, মডেল তৈরি, উপকরণ নির্বাচন ও ব্যবহার, ইত্যাদি ক্ষেত্রে পরিমিতিবোধ, বৈচিত্র্যময়তা ও নান্দনিকতা বজায় রেখে সিদ্ধান্ত নিচ্ছে | ব্যক্তিগত যোগাযোগ, উপস্থাপন, মডেল তৈরি, উপকরণ নির্বাচন ও ব্যবহার, ইত্যাদি ক্ষেত্রে পরিমিতিবোধ ও নান্দনিকতার অভাব রয়েছে | ব্যক্তিগত যোগাযোগ, উপস্থাপন, মডেল তৈরি, উপকরণ নির্বাচন ও ব্যবহার, ইত্যাদি ক্ষেত্রে বৈচিত্র্য আনার চেষ্টা করছে কিন্তু পরিমিতিবোধ ও নান্দনিকতা বজায় রাখতে পারছে না | ব্যক্তিগত যোগাযোগ, উপস্থাপন, মডেল তৈরি, উপকরণ নির্বাচন ও ব্যবহার, ইত্যাদি ক্ষেত্রে পরিমিতিবোধ, বৈচিত্র্যময়তা ও নান্দনিকতা বজায় রেখে যৌক্তিক সিদ্ধান্ত নিচ্ছে |

# পরিশিষ্ট ৬

## আচরণিক নির্দেশকে শিক্ষার্থীর উপাত্ত সংগ্রহের ছক

বছর জুড়ে পুরো শিখন কার্যক্রম চলাকালে শিক্ষার্থীদের আচরণ, দলগত কাজে অংশগ্রহণ, আগ্রহ, সহযোগিতামূলক মনোভাব ইত্যাদি পর্যবেক্ষণ করে প্রতিটি শিক্ষার্থীর জন্য এই ছক অনুযায়ী শিক্ষার্থীর প্রাপ্ত মাত্রা রেকর্ড করবেন। শিক্ষার্থীর সংখ্যা অনুযায়ী প্রয়োজনীয় সংখ্যক অনুলিপি মূল্যায়ন কার্যক্রম শুরু হওয়ার পূর্বেই তৈরি করে নিতে হবে।

| সামষ্টিক মূল্যায়ন | | |
|---|---|---|
| প্রতিষ্ঠানের নাম: | | শিক্ষকের নাম ও স্বাক্ষর:<br>তারিখ: |
| শ্রেণি: সপ্তম | বিষয়: জীবন ও জীবিকা | |

| | | প্রযোজ্য BI নং | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| রোল নং | নাম | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |

| | | প্রযোজ্য BI নং | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| রোল নং | নাম | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ